

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.০৬.৩১৮.১৪.

তারিখ : ৩০ আশ্বিন, ১৪২৪
১৫ অক্টোবর, ২০১৭


বিষয়: ই-সার্ভিস রোডম্যাপ ২০২১' এর ৯ম ব্যাচ কর্মশালায় কর্মকর্তা মনোনয়ন ও আমন্ত্রণ সংক্রান্ত।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৮.০০০০.৮০২.০২.০০৫.১৭-২৭০৮, তা: ২৭-০৯-২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ই-সার্ভিস রোডম্যাপ-২০২১' এর ৯ম ব্যাচের কর্মশালা আগামী ১৮-১৯ অক্টোবর, ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ের যৌথ পরিচালনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের করবী হলে (৩য় তলা) আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত আপনার দপ্তর/সংস্থা হতে বিভিন্ন পর্যায়ের (১. পরিচালক/পরিচালক পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তা, ২. আইটি বিষয়ক কর্মকর্তা/আইটি ফোকাল পয়েন্ট ও ৩. একজন সংশ্লিষ্ট কর্মকর্তা যার দপ্তরের সার্ভিস সম্পর্কে সম্যক ধারণা আছে) ০৩ (তিন)জন কর্মকর্তার মনোনয়ন (নাম, পদবি, মোবাইল নম্বর, ই-মেইলসহ) প্রদানপূর্বক আপনার দপ্তর/সংস্থার ই-ফাইল বাস্তবায়নের পরিকল্পনা আগামী ১৬-১০-২০১৭ তারিখ সকাল ১১.০০ টার মধ্যে হার্ডকপি ও সফটকপি (ict@emrd.gov.bd ই-মেইলে) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল। তদসঙ্গে ১৯-১০-২০১৭ তারিখের সমাপনী অনুষ্ঠানে (করবী হলে, ৩য় তলা, প্রধানমন্ত্রীর কার্যালয়) দপ্তর/সংস্থার প্রধানগণকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল। উল্লেখ্য, সমাপনী অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ সচিব ও এ বিভাগের সচিব মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

০২। বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।


(মোহাম্মদ কামরুজ্জামান)
উপ-সচিব
ফোন: ৯৫১৪১৬৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩. মহা-পরিচালক, বিপিআই/হাইড্রোকার্বন ইউনিট/জিএসবি ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
৫. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (প্রশা:/অপা:) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৩। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৪। অফিস কপি।